গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি
# (Governance Performance Monitoring System-GPMS)
# কর্মপরিকল্পনা ২০২৬-২৭

**(চূড়ান্ত)**

**GPMS**

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# ভূমিকা

সরকারের  সংস্কার কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সরকারি অফিসসমূহে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির মানোন্নয়ন এবং স্বচ্ছতা ও জবাবদিহি বৃদ্ধির উদ্দেশ্যে ২০২৫-২৬ অর্থবছরে 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/Governance Performance Monitoring System (GPMS)' কাঠামো প্রবর্তন করা হয়। এটি একটি নিয়মিত, কাঠামোবদ্ধ ও তথ্যপ্রযুক্তি নির্ভর পরিবীক্ষণ ব্যবস্থা, যা প্রাতিষ্ঠানিক পরিকল্পনার সঙ্গে বাস্তবায়নের সংযোগ স্থাপন করে এবং লক্ষ্যভিত্তিক ফলাফল অর্জনের উপর গুরুত্ব প্রদান করে। একটি সরকারি অফিস তার কার্যতালিকা (Allocation of Business), সরকারের বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা, নীতি ও কৌশলকে বিবেচনায় নিয়ে একটি সুনির্দিষ্ট কাঠামো অনুযায়ী GPMS প্রস্তুত করে উর্ধ্বতন অফিসে দাখিল করে। ২০২৫-২৬ অর্থবছরে উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্ত অনুসারে প্রস্তুতকৃত নির্দেশিকা অনুযায়ী ৫৩টি মন্ত্রণালয়/বিভাগ GPMS প্রস্তুতকরে। ২০২৬-২৭ অর্থবছর থেকে মন্ত্রণালয়/বিভাগের পাশাপাশি দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ GPMS বাস্তবায়ন করবে। এমতাবস্থায়, কৃষি মন্ত্রণালয়াধীন উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ জিপিএমএস বাস্তবায়ন করবে।

GPMS এর আওতায় প্রতিটি অফিসকে একটি বাস্তবসম্মত, ফলাফলভিত্তিক ও লক্ষ্যনির্ভর ৩ (তিন) বছর মেয়াদি আবর্তক পরিকল্পনা প্রণয়ন করতে হয়, যেখানে প্রত্যেক অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত থাকে। ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে প্রতি অর্থবছরের শুরুতে পরিকল্পনায় আরও একটি নতুন অর্থবছর সংযোজন করা হয়। এ পরিকল্পনার ভিত্তিতে সংশ্লিষ্ট অফিস বিবেচ্য অর্থবছরের জন্য কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন করে এবং বছরব্যাপী সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তা নিয়মিত পরিবীক্ষণ করা হয়। অর্থবছর শেষে GPMS এর অংশ হিসেবে সংশ্লিষ্ট অফিস একটি কৌশলগত প্রতিবেদন দাখিল করে, যা ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা, বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা এবং অর্জিত ফলাফলের আলোকে মূল্যায়িত হয়। সরকারি কার্যক্রমের ধরণ ও পারফরম্যান্সের ভিত্তিতে মন্ত্রণালয়/বিভাগ সমূহকে ৭ (সাত) টি গুচ্ছ/ক্লাস্টারে বিভক্ত করে মূল্যায়নের ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে।

GPMS কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ প্রতি অর্থবছরের শুরুতে ‘সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা’ প্রকাশ করে থাকে। উক্ত নির্দেশিকায় সরকারের নীতি, পরিকল্পনা, অগ্রাধিকার এবং বাজেট কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে GPMS প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত নির্দেশিকায় ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা, বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা এবং অর্থবছর শেষে কৌশলগত প্রতিবেদন দাখিলের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা সংযোজন করা হয়েছে। এ নির্দেশিকা GPMS-এর আওতাভুক্ত সকল অফিসের জন্য প্রযোজ্য হবে।

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কোটালীপাড়া, গোপালগঞ্জ একটি গুরুত্বপূর্ণ মাঠপর্যায়ের অফিস হিসেবে কৃষি উন্নয়ন, প্রযুক্তি সম্প্রসারণ, কৃষক প্রশিক্ষণ, পরিবেশ বান্ধব কৃষিব্যবস্থা গড়ে তোলা এবং সরকারের কৃষি উন্নয়ন নীতি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। মাঠ পর্যায়ে কৃষিসেবা কার্যক্রমকে আরও ফলপ্রসূ, গতিশীল ও জবাবদিহিমূলক করার লক্ষ্যে ২০২৬-২৭ অর্থবছরের GPMS কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ কর্মপরিকল্পনার মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, আধুনিক প্রযুক্তি সম্প্রসারণ, ডিজিটাল কৃষি সেবা উন্নয়ন, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং কৃষকের জীবনমান উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করা সম্ভব হবে বলে প্রত্যাশা করা যায়।

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# সূচিপত্র


| ক্রমিক | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| ২ | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর GPMS টিম | ৫ |
| ৩ | GPMS টিম এর দায়িত্ব | ৬ |
| ৪ | GPMSএর মূল কাঠামো-ভিশন, মিশন এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা (সেকশন-১) | ৭-৮ |
| ৫ | ২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) | ৯ |
| ৬ | কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন (সেকশন ৩) | ১০-১১ |
| ৭ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১২ |
| ৮ | কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন (সেকশন ৩) সংযোজনী ২: বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে) | ১৩-১৪ |
| ৯ | কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন (সেকশন ৩) সংযোজনী ৩: কর্মসম্পাদনের প্রমাণক | ১৫ |
| ১০ | অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ, সংযোজনী ৪ | ১৬ |
| ১১ | উপসংহার | ১৬ |


(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# উপজেল কৃষি অফিস , কোটালীপাড়া, গোপালগঞ্জ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Upazila Agriculture Office, Kotalipara, Gopalganj)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ:**

বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে দপ্তরের মূল কার্যক্রম হ্রাসমান চাষযোগ্য জমি থেকে ক্রমবর্ধমান জনগোষ্ঠির খাদ্য ও পুষ্টিচাহিদা পূরণের লক্ষ্যে কৃষকের নিকট চাহিদা অনুযায়ী প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে বিগত তিন বছরে কোটালীপাড়া উপজেলায় ধান, গম, ভূট্টা ও আলুসহ শাক-সবজীর উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। সেই সাথে পাট উৎপাদন করে অর্থনীতিতে বাংলাদেশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বিগত তিন বছরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর প্রধান প্রধান ফসল গুলোর মধ্যে চালের উৎপাদন হয়েছে ০৪ লক্ষ মেঃটন, গমের উৎপাদন হয়েছে ২০০০ মেঃটন। খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্নতা অর্জনের লক্ষ্যে কৃষক প্রশিক্ষণ, মাঠদিবস, কৃষিমেলা, কৃষকদের উদ্বুদ্ধকরণ ভ্রমণের মাধ্যমে বিভিন্ন ফসলের আধুনিক ও ঘাত-সহিষ্ণু জাত, পানিসাশ্রয়ী প্রযুক্তি, সুষম মাত্রায় সার ব্যবহার, আলোর ফাঁদ, পার্চিং, অত্যাধুনিক কৃষি যন্ত্রপাতি, মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও সবুজসার তৈরী ও ব্যবহার বৃদ্ধি ইত্যাদি প্রযুক্তি সম্প্রসারণে সাফল্য অর্জিত হয়েছে। ভবিষ্যতেও এ উৎপাদনশীলতা বৃদ্ধি কার্যক্রমের ধারাবাহিকতা কৃষিসম্প্রসারণঅধিদপ্তর, কোটালীপাড়া, গোপালগঞ্জ এ অব্যাহত থাকবে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দেশে প্রতিবছর চাষযোগ্য জমি হ্রাস পাওয়ায় ক্রমবর্ধমান জনগোষ্ঠীর বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদা পূরনার্থে টেকসই ফসল উৎপাদন নিশ্চিতকরণ, জলবায়ুগত পরিবর্তনে ঝুঁকি মোকাবেলা ও দুর্যোগপূর্ণ এলাকায় চাহিদাভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ, জমির স্বাস্থ্য, উর্বরতা শক্তি রক্ষার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি, ক্রপজোনিং, সেচকার্যে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহার, সুসম মাত্রায় ও দক্ষভাবে সারসহ অন্যান্য উপকরণ ব্যবহার নিশ্চিতকরণ, খামার যান্ত্রীকিকরণ, দ্রুত ওস হজে প্রযুক্তি সম্প্রসারণে ই-কৃষি প্রবর্তন, গবেষনা-সম্প্রসারণ, কৃষক সমন্বয় সাধন শক্তিশালীকরণ, কৃষিতে নারীর সম্পৃক্ততা এবং দক্ষতা বৃদ্ধিকরণ, সম্প্রসারণ কর্মীর দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা, পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ, জলবায়ু পরিবর্তনের কারণে সম্ভাব্য দুর্যোগপ্রবণ এলাকার উপযোগী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সেচকার্যে ভূ-উপরিস্থ ও বৃষ্টির পানির দক্ষ ব্যবহার, চাষী পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, মানসম্পন্ন ও রপ্তানিযোগ্য ফল, সবজী চাষ এলাকা সম্প্রসারণ, বসতবাড়ির আঙ্গিনার কার্যকর ব্যবহার, শস্যবিন্যাসে ডাল, তেল, মসলা ও শাকসবজী, ফলজাতীয় ফসল অন্তর্ভুক্ত করে ফসলের বহুমুখীতা এবং নিবিড়তা বৃদ্ধি, সম্প্রসারণকর্মীর প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধিকরণ, দ্রত প্রযুক্তি বিস্তারে ই-কৃষি প্রবর্তন এবং খামার যান্ত্রীকিকরণ, শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন।

**২০২৪-২৫ অর্থবছরের প্রধান অর্জনসমূহ:**

- ২০২৪-২৫ অর্থবছরে শুধুমাত্র চালের মোট উৎপাদন ১.৪৫ লক্ষ মেঃটন এবং গম ও ভূট্টার মোট উৎপাদন ৯৫০ মেঃটন। এর পরিমাণ আরও বৃদ্ধি করার কার্যক্রম চলমান থাকবে।
- আধুনিক প্রযুক্তি বিষয়ক বরাদ্দকৃত শতভাগ কৃষককে প্রশিক্ষণ প্রদান।
- উপজেলায় কর্মরত অনেক সম্প্রসারণকর্মীকে কারিগরি বিষয় ও দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।
- আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে প্রদর্শণী স্থাপন এবং তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধিতে প্রদর্শনী স্থাপনের মাধ্যমে মাঠ পর্যায়ে কৃষির সম্প্রসারণ ও বাস্তবায়ন।
- নিরাপদ শাকসবজি ও ফল উৎপাদন, ডাল, তেল, ও মসলা জাতীয় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি ও সম্প্রসারণ।
- অর্থকরী ফসল পাটের আবাদ ও উৎপাদন বৃদ্ধি।

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

## উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের GPMS টিম:

Governance Performance Monitoring System (GPMS) প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্তে কোটালীপাড়া উপজেলায় ০১ টি GPMS টিম গঠন করা হয়েছে। একজন জিপিএমএস টিম লিডার, একজন ফোকাল পয়েন্ট, একজন বিকল্প ফোকাল পয়েন্টসহ কতিপয় সদস্য নিয়ে এ টিম গঠন করা হয়।

১১.২ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর গঠিত GPMS টিম।

| ক্র: নং | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল | GPMS টিমে পদবী |
|---|---|---|
| ০১ | দোলন চন্দ্র রায়, উপজেলা কৃষি অফিসার,কোটালীপাড়া, গোপালগঞ্জ | টিমলিডার |
| ০২ | মুক্তা মণ্ডল, অতিরিক্ত কৃষি অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ | সদস্য সচিব/ ফোকালপয়েন্ট |
| ০৩ | কৃত্তিবাস পাণ্ডে, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ | সদস্য |
| ০৪ | পার্থ প্রতিম বৈদ্য, উপসহকারী কৃষি অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ | সদস্য |
| ০৫ | দেবাশীষ দাস, কৃষি সম্প্রসারণ অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

## ১১.২ GPMS টিমের দায়িত্ব।

- GPMS-এর ৩ (তিন) বছর মেয়াদি খসড়া পরিকল্পনা প্রণয়ন, বিবেচ্য অর্থবছরের খসড়া কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন এবং উর্ধ্বতন অফিসে দাখিল
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত পরিকল্পনা, বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা ও বছর শেষে কৌশলগত প্রতিবেদন (Strategic Report) প্রণয়ন এবং উর্ধ্বতন অফিসে দাখিল;
- প্রতি দুইমাসে একবার GPMS এর অগ্রগতি পর্যালোচনা;
- প্রতি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ,
- বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন ২) এর ষান্মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে দাখিল,
- GPMS সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা;
- GPMS ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন;
- বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে উর্ধ্বতন অফিসে প্রেরণ, এবং
- আওতাধীন অফিসসমূহের GPMS-এর কার্যক্রম তদারকি এবং মূল্যায়ন।

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# GPMS-এর মূল কাঠামো
## সেকশন ১
### (ভিশন, মিশন এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা)

**ভিশন:** ফসলের টেকসই উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

**মিশন:** সকল শ্রেণীর কৃষকদের টেকসই ও লাভজনক ফসল উৎপাদন বৃদ্ধি নিশ্চিতকরণের লক্ষ্যে দক্ষ, ফলপ্রসূ, বিকেন্দ্রীকৃত, এলাকানির্ভর, চাহিদাভিত্তিক এবং সমন্বিত কৃষি স¤úª«সারণ সেবা প্রদানের মাধ্যমে সকল শ্রেণির কৃষকের প্রযুক্তিজ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

**৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা:**

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনার ছক

| ক্রমিক | পরিকল্পনা | বছর ভিত্তিক লক্ষ্যমাত্রা (বরাদ্দ অনুসারে) | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ | ১। কোটালীপাড়া উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% প্রদর্শনী ও ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন<br>২। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমণ ১০০% বাস্তবায়ন<br>৩। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১০০% উপকরণ সরবরাহ<br>৪। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১০০% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন | ১। কোটালীপাড়া উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% প্রদর্শনী ও ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন<br>২। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমণ ১০০% বাস্তবায়ন<br>৩। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১০০% উপকরণ সরবরাহ<br>৪। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১০০% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন | ১। কোটালীপাড়া উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% প্রদর্শনী ও ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন<br>২। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমণ ১০০% বাস্তবায়ন<br>৩। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১০০% উপকরণ সরবরাহ<br>৪। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১০০% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন |

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

## GPMS-এর মূল কাঠামো
### সেকশন ১
### (ভিশন, মিশন এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা)

| ক্রমিক | পরিকল্পনা | বছরভিত্তিকলক্ষ্যমাত্রা (বরাদ্দঅনুসারে) | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ২ | কর্মব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন এবং দপ্তর ব্যবস্থাপনায় মানোন্নয়নের জন্য তথ্য আদান-প্রদানে গতিশীলতা বৃদ্ধিকরণ | ১। রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় উপজেলায় বরাদ্দকৃত ওয়ার্কশপ ১০০% বাস্তবায়ন<br>২। উপজেলায় বরাদ্দ অনুসারে রাজস্ব বাজেটের আওতায় দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বরাদ্দের ১০০% প্রশিক্ষণ বাস্তবায়ন<br>৩। উপজেলার আওতাধীন বিভিন্ন প্রকল্পসমূহ হতে প্রস্তাবিত প্রশিক্ষণ ১০০% কার্যক্রম পরিচালনা<br>৪। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন ১৫% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৫। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি<br>৬। ক্রয়পরিকল্পনা ৩০-০৬-২০২৬ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ<br>৭। নির্ধারিত সময়ের মধ্যে পেনশনভোগী আবেদনকারীগণের আবেদনপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ<br>৮। জনবল ব্যবহারে সমতা আনয়ন সর্বোচ্চ ও সর্বনিম্ন পার্থক্য কমানোর হার ৫% | ১। রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় উপজেলায় বরাদ্দকৃত ওয়ার্কশপ ১০০% বাস্তবায়ন<br>২। উপজেলায় বরাদ্দ অনুসারে রাজস্ব বাজেটের আওতায় দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বরাদ্দের ১০০% প্রশিক্ষণ বাস্তবায়ন<br>৩। উপজেলার আওতাধীন বিভিন্ন প্রকল্পসমূহ হতে প্রস্তাবিত প্রশিক্ষণ ১০০% কার্যক্রম পরিচালনা<br>৪। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন ২০% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৫। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি<br>৬। ক্রয় পরিকল্পনা ২৯-০৬-২০২৭ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ<br>৭। নির্ধারিত সময়ের মধ্যে পেনশনভোগী আবেদনকারীগণের আবেদনপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ<br>৮। জনবল ব্যবহারে সমতা আনয়ন সর্বোচ্চ ও সর্বনিম্ন পার্থক্য কমানোর হার ১০% | ১। রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় উপজেলায় বরাদ্দকৃত ওয়ার্কশপ ১০০% বাস্তবায়ন<br>২। উপজেলায় বরাদ্দ অনুসারে রাজস্ব বাজেটের আওতায় দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বরাদ্দের ১০০% প্রশিক্ষণ বাস্তবায়ন<br>৩। উপজেলার আওতাধীন বিভিন্ন প্রকল্পসমূহ হতে প্রস্তাবিত প্রশিক্ষণ ১০০% কার্যক্রম পরিচালনা<br>৪।উদ্ভাবনকার্যক্রমহিসাবেডি-নথিবাস্তবায়ন ২৫% অগ্রগতি ও ওয়েবপোর্টালেরব্যবহার।<br>৫। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি<br>৬। ক্রয় পরিকল্পনা ২৮-০৬-২০২৮ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ<br>৭। নির্ধারিত সময়ের মধ্যে পেনশনভোগী আবেদনকারীগণের আবেদনপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ<br>৮। জনবল ব্যবহারে সমতা আনয়ন সর্বোচ্চ ও সর্বনিম্ন পার্থক্য কমানোর হার ১৫% |
| ৩ | কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ | ১। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন<br>২। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২৭ অর্থবছরে বৃক্ষরোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন<br>৩। ফসলের ন্যায্য মূল্য ও কৃষিজমি সুরক্ষায় নিয়মিত তদারকি বৃদ্ধি<br>৪। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি সমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি।<br>৫। বরাদ্দকৃত আয়োজিত মাঠদিবস/কৃষক সমাবেশের ১০০% বাস্তবায়ন | ১। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন<br>২। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৭-২৮ অর্থবছরে বৃক্ষরোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন<br>৩। ফসলের ন্যায্য মূল্য ও কৃষিজমি সুরক্ষায় নিয়মিত তদারকি বৃদ্ধি<br>৪। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি সমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি।<br>৫। বরাদ্দকৃত আয়োজিত মাঠদিবস/কৃষক সমাবেশের ১০০% বাস্তবায়ন | ১। উদ্যোক্তা গণের জৈবসার উৎপাদন<br>২। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৮-২৯ অর্থবছরে বৃক্ষরোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন<br>৩। ফসলের ন্যায্য মূল্য ও কৃষিজমি সুরক্ষায় নিয়মিত তদারকি বৃদ্ধি<br>৪। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি সমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি।<br>৫। বরাদ্দকৃত আয়োজিত মাঠদিবস/কৃষক সমাবেশের ১০০% বাস্তবায়ন |

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# সেকশন-২

(২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [১] সেবাপ্রদান [মান-৪০] | ১ | [১] স্থাপিত প্রদর্শনী ও ফলোআপ | % | ৮ | ১০০ | ১০০ |
| | ১ | [২] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমণ | % | ৫ | ১০০ | ১০০ |
| | ১ | [৩] প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক | % | ৫ | ১০০ | ১০০ |
| | ১ | [৪] প্রশিক্ষিত কৃষক | % | ৫ | ১০০ | ১০০ |
| | ২ | [৫] পেনশন আবেদনপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | % | ৫ | ১০০ | ১০০ |
| | ২ | [৬] আওতাধীন দপ্তর সমূহের জনবল সমতাকরণ | % | ৩ | ১০০ | ১০০ |
| | ২ | [৭] অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | % | ৩ | ১০০ | ১০০ |
| | ২ | [৮] সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | % | ৩ | ১০০ | ১০০ |
| | ২ | [৯] তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | % | ৩ | ১০০ | ১০০ |
| [২] উদ্ভাবন ও সংস্কার কার্যক্রম [মান-১০] | ২ | [১০] ডি-নথিতে নিষ্পত্তিকৃত ফাইলের হার | % | ৩ | ১০০ | ১০০ |
| | ৩ | [১১] ফসলের নতুন জাত ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত অন্যান্য প্রযুক্তি সম্প্রসারণ | % | ৪ | ১০০ | ১০০ |
| | ১ | [১২] কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ প্রদান | % | ৩ | ১০০ | ১০০ |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা [মান-১০] | ২ | [১৩] বিভিন্ন প্রকল্প সমূহের আয়োজিত প্রশিক্ষণ পরিচালনা | % | ৪ | ১০০ | ১০০ |
| | ৩ | [১৪] সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণ ব্যবস্থাপনা | % | ৩ | ১০০ | ১০০ |
| | ২ | [১৫] শূণ্যপদ সংক্রান্ত উর্ধ্বতনকে অবহিতকরণ | সংখ্যা | ৩ | ১০ | ১০ |
| [৪] উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম [মান-২৫] | ৩ | [১৬] উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | মে.টন | ৩ | ৩ | ৪ |
| | ৩ | [১৭] বৃক্ষরোপন কার্যক্রম পরিচালনা | % | ৫ | ১০০ | ১০০ |
| | ৩ | [১৮] আয়োজিত মাঠদিবস/কৃষক সমাবেশ | % | ৫ | ১০০ | ১০০ |
| | ২ | [১৯] ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | তারিখ | ৭ | ৩০-০৬-২৬ | ২৮-০৬-২৭ |

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# সেকশন-৩
## (উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন)

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ দেশের কৃষি উন্নয়ন, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কৃষকের আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সরকারের কৃষিবান্ধব নীতি বাস্তবায়নের ধারাবাহিকতায় উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ আধুনিক, টেকসই ও প্রযুক্তিনির্ভর কৃষি সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন করে কৃষকের দোরগোড়ায় সেবা পৌঁছে দিচ্ছে। সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)-এর আওতায় ২০২৬-২৭ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রদান, উদ্ভাবন ও সংস্কার, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং উন্নয়নমূলক কার্যক্রমকে আরও গতিশীল, জবাবদিহিমূলক ও ফলপ্রসূ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

কোটালীপাড়া উপজেলার কৃষি সম্প্রসারণ কার্যক্রমের মূল লক্ষ্য হলো ফসলের টেকসই উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি নিশ্চিত করা এবং কৃষকের আয় ও জীবনমান উন্নয়ন করা। এ লক্ষ্যে মাঠ পর্যায়ে আধুনিক ও জলবায়ু সহিষ্ণু প্রযুক্তি সম্প্রসারণ, প্রদর্শনী স্থাপন, ফলোআপ কার্যক্রম, মাঠদিবস আয়োজন, কৃষক সমাবেশ এবং উদ্বুদ্ধকরণ ভ্রমণ বাস্তবায়ন করা হচ্ছে। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত উচ্চফলনশীল ও সহিষ্ণুজাত মাঠ পর্যায়ে সম্প্রসারণের মাধ্যমে কৃষকদের আধুনিক প্রযুক্তি গ্রহণে উৎসাহিত করা হবে। ধান, গম, ভুট্টা, পাট, তেল, ডাল, শাকসবজি ও অন্যান্য অর্থকরী ফসলের উৎপাদন বৃদ্ধিতে এ কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সেবাপ্রদান কার্যক্রমের আওতায় মাঠ পর্যায়ে স্থাপিত প্রদর্শনী ও নিয়মিত ফলোআপ কার্যক্রম কৃষকদের নতুন প্রযুক্তি গ্রহণে সহায়তা করবে। মাঠদিবস ও কৃষক সমাবেশের মাধ্যমে কৃষকদের সাথে সরাসরি মত বিনিময়, সমস্যা চিহ্নিতকরণ এবং তাৎক্ষণিক সমাধানের সুযোগ সৃষ্টি হবে। একই সঙ্গে উদ্বুদ্ধকরণ ভ্রমণের মাধ্যমে সফল কৃষি উদ্যোগ ও প্রযুক্তি সম্পর্কে কৃষকদের বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ প্রদান করা হবে, যা প্রযুক্তি সম্প্রসারণকে ত্বরান্বিত করবে।

প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ কার্যক্রম কৃষি উৎপাদন বৃদ্ধি এবং কৃষকের আর্থিক সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে। কৃষক প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে আধুনিক কৃষি প্রযুক্তি, সমন্বিত বালাই ব্যবস্থাপনা, সুষম সার ব্যবস্থাপনা, নিরাপদ খাদ্য উৎপাদন, জৈবকৃষি ও জলবায়ু সহিষ্ণু প্রযুক্তি বিষয়ে কৃষকদের দক্ষতা বৃদ্ধি করা হবে। নারী কৃষকদের অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক কৃষি উন্নয়ন জোরদার করা হবে।

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা করে টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তোলা অত্র উপজেলার অন্যতম কৌশলগত অগ্রাধিকার। প্রতিবছর বন্যা, খরা, অতিবৃষ্টি, নদীভাঙন ও প্রাকৃতিক দুর্যোগ কৃষি উৎপাদনে নেতিবাচক প্রভাব ফেলছে। এ প্রেক্ষাপটে স্বল্পমেয়াদি, খরাসহিষ্ণু, জলাবদ্ধতা সহিষ্ণু ও উচ্চফলনশীল আধুনিক জাত সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পাশাপাশি পানি সাশ্রয়ী প্রযুক্তি ব্যবহার, মাটির স্বাস্থ্য সুরক্ষা, জৈবসার উৎপাদন বৃদ্ধি এবং পরিবেশবান্ধব কৃষি প্রযুক্তি সম্প্রসারণে গুরুত্ব প্রদান করা হবে।

ডিজিটাল কৃষি সেবা সম্প্রসারণ বর্তমান সময়ের একটি গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়। কৃষককে মোবাইল ও অনলাইনে কৃষি পরামর্শ প্রদান, ই-কৃষি কার্যক্রম বাস্তবায়ন, ডি-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পন্নকরণ এবং ওয়েবভিত্তিক তথ্য ব্যবস্থাপনা জোরদারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর ফলে প্রশাসনিক স্বচ্ছতা, জবাবদিহিতা এবং দ্রুত তথ্য আদান-প্রদান নিশ্চিত হবে। কৃষকরা সহজেই আবহাওয়াi তথ্য, রোগবালাই ব্যবস্থাপনা, ফসল উৎপাদন কৌশল ও সরকারি সহায়তা সংক্রান্ত তথ্য গ্রহণ করতে পারবে।

প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং মানবসম্পদ উন্নয়ন GPMS বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ অংশ। মাঠপর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য আইসিটি ও ডিজিটাল সেবা বিষয়ক প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত মতবিনিময় সভা আয়োজন করা হবে। একইসঙ্গে শূন্যপদ সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার মাধ্যমে জনবল ব্যবস্থাপনায় ভারসাম্য আনার উদ্যোগ গ্রহণ করা হবে। দক্ষ ও প্রশিক্ষিত জনবল মাঠপর্যায়ে কৃষিসেবা কার্যক্রম আরও কার্যকরভাবে বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

## সেকশন-৩ এর চলমান অংশ......

উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমের আওতায় দাপ্তরিক কার্যক্রম ডিজিটালাইজেশন, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন, তথ্যঅধিকার কার্যক্রম এবং অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জিআরএস পদ্ধতির মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম জোরদার করা হবে। একইসঙ্গে সিটিজেন চার্টার বাস্তবায়নের মাধ্যমে কৃষকদের সেবাগ্রহণ আরও সহজ, স্বচ্ছ ও সময়োপযোগী করা হবে।

কৃষি উপকরণের গুণগত মান নিশ্চিতকরণ এবং ভেজাল প্রতিরোধ কার্যক্রমও এ কর্মপরিকল্পনার গুরুত্বপূর্ণ অংশ। সারের নমুনা সংগ্রহ, ভেজাল সার উৎপাদন ও বাজারজাতকরণ প্রতিরোধে নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হবে। পাশাপাশি উদ্যোক্তাদের মাধ্যমে জৈবসার উৎপাদন বৃদ্ধি এবং কৃষক পর্যায়ে এর ব্যবহার সম্প্রসারণে উৎসাহ প্রদান করা হবে।

উদ্যানতাত্ত্বিক ফসল সম্প্রসারণ কার্যক্রম কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। হর্টিকালচার সেন্টারের মাধ্যমে ফলদ, বনজ ও ঔষধি গাছের মানসম্পন্ন চারা/কলম কৃষকদের মাঝে বিতরণ করা হবে। বৃক্ষরোপণ কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বাস্তবায়নের মাধ্যমে পরিবেশ সংরক্ষণ, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং জলবায়ু সহিষ্ণু কৃষি ব্যবস্থা গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ফসলের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ এবং কৃষি জমি সুরক্ষায় নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালনা করা হবে। একইসঙ্গে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত নতুন প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি এবং কৃষকের আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে।

GPMS কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন নিশ্চিত করতে নিয়মিত পরিবীক্ষণ, ত্রৈমাসিক অগ্রগতি মূল্যায়ন এবং কর্মসম্পাদনের প্রমাণক সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। মাঠ পর্যায়ের সকল অফিসকে পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং তদারকি কার্যক্রম জোরদার করা হবে। একই সঙ্গে মাঠ পর্যায়ের সমস্যা সমূহ দ্রুত সমাধানের মাধ্যমে কার্যক্রমের গতি বজায় রাখা হবে।

সার্বিকভাবে, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ ২০২৬-২৭ অর্থবছরের GPMS কর্মপরিকল্পনার মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, প্রযুক্তি সম্প্রসারণ, ডিজিটাল কৃষি সেবা উন্নয়ন, পরিবেশবান্ধব ও টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তোলা এবং কৃষকের জীবনমান উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে বলে প্রত্যাশা করা যায়। মাঠ পর্যায়ের অফিসারদের সমন্বিত প্রচেষ্টা, কার্যকর তদারকি এবং সময়োপযোগী মূল্যায়নের মাধ্যমে এ কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন নিশ্চিত করা সম্ভব হবে।

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# সংযোজনীসমূহ

## সংযোজনী ১

### শব্দসংক্ষেপ

| Abbreviation | Full Name |
|---|---|
| **MoA** | Ministry of Agriculture |
| **DAE** | Department of Agricultural Extension |
| **BARI** | Bangladesh Agricultural Research Institute |
| **BRRI** | Bangladesh Rice Research Institute |
| **BJRI** | Bangladesh Jute Research Institute |
| **BINA** | Bangladesh Institute of Nuclear Agriculture |
| **BSRI** | Bangladesh Sugarcrop Research Institute |
| **SRDI** | Soil Resource Development Institute |
| **CRI** | Cotton Development Board (often referred to by CDB) |
| **BADC** | Bangladesh Agricultural Development Corporation |
| **BARC** | Bangladesh Agricultural Research Council |
| **DAM** | Department of Agricultural Marketing |
| **BMDA** | Barind Multipurpose Development Authority |
| **NATA** | National Agriculture Training Academy |
| **SCA** | Seed Certification Agency |

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# সংযোজনী ২

## বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে)

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | বিস্তারিত বাস্তবায়ন পরিকল্পনা | বাস্তবায়নকারী দপ্তর/কর্মকর্তা | বাস্তবায়নের সময়কাল | পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ১ | স্থাপিত প্রদর্শনী ও ফলোআপ | আধুনিক ও জলবায়ু সহিষ্ণু জাতের প্রদর্শনী স্থাপন, মাঠ পর্যায়ে নিয়মিত ফলোআপ ও কৃষক পরামর্শ প্রদান | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | খরিপ ও রবি মৌসুম ভিত্তিক | মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন |
| ২ | নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমণ | সফল কৃষি প্রযুক্তি ও মডেল খামার পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | প্রয়োজন অনুযায়ী | অংশগ্রহণকারীর তালিকা ও প্রতিবেদন |
| ৩ | প্রণোদনার আওতায় সহায়তাপ্রাপ্ত কৃষক | ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন ও কৃষি উপকরণ বিতরণ | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | মৌসুমভিত্তিক | বিতরণ তালিকা ও মনিটরিং |
| ৪ | প্রশিক্ষিত কৃষক | আধুনিক কৃষি প্রযুক্তি, নিরাপদ খাদ্য উৎপাদন, আইপিএম ও সুষম সার ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | বছরব্যাপী | প্রশিক্ষণ প্রতিবেদন |
| ৫ | পেনশন আবেদনপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | নির্ধারিত সময়ের মধ্যে আবেদন যাচাই ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | প্রশাসনিক শাখা | চলমান | পত্র বিতরণ রেজিস্টার |
| ৬ | অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | জিআরএস সিস্টেমে অভিযোগ গ্রহণ ও নির্ধারিত সময়ে নিষ্পত্তি | জিআরএস ফোকাল পয়েন্ট | চলমান | জিআরএস রিপোর্ট |
| ৭ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | সিটিজেন চার্টার হালনাগাদ ও বাস্তবায়ন তদারকি | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | বছরব্যাপী | ত্রৈমাসিক মূল্যায়ন |
| ৮ | তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | তথ্য অধিকার আইন অনুযায়ী আবেদন নিষ্পত্তি ও সচেতনতা বৃদ্ধি | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | চলমান | তথ্য অধিকার প্রতিবেদন |
| ৯ | ডি-নথিতে নিষ্পত্তিকৃত ফাইলের হার | সকল দাপ্তরিক ফাইল ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি বৃদ্ধি | সকল শাখা | বছরব্যাপী | ডি-নথি সফটওয়্যার রিপোর্ট |
| ১০ | ফসলের নতুন জাত ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি সম্প্রসারণ | BRRI, BARI, BINA, BJRI ও অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানের প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | মৌসুমভিত্তিক | প্রযুক্তি সম্প্রসারণ প্রতিবেদন |
| ১১ | কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ প্রদান | মোবাইল ফোন, সামাজিক যোগাযোগ মাধ্যম ও অনলাইন প্ল্যাটফর্মে কৃষি পরামর্শ প্রদান | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | চলমান | অনলাইন সেবা রেজিস্টার |

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# সংযোজনী ২

## বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে) চলমান পাতা

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | বিস্তারিত বাস্তবায়ন পরিকল্পনা | বাস্তবায়নকারী দপ্তর/কর্মকর্তা | বাস্তবায়নের সময়কাল | পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ১২ | বিভিন্ন প্রকল্প সমূহের আয়োজিত প্রশিক্ষণ পরিচালনা | উন্নয়ন প্রকল্পের আওতায় কৃষক ও সম্প্রসারণ কর্মীদের প্রশিক্ষণ বাস্তবায়ন | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | প্রকল্প সময়সূচি অনুযায়ী | প্রকল্প অগ্রগতি প্রতিবেদন |
| ১৩ | সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণে ব্যবস্থাপনা | বাজার মনিটরিং, নমুনা সংগ্রহ ও ভেজাল প্রতিরোধ কার্যক্রম | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | নিয়মিত | মনিটরিং প্রতিবেদন |
| ১৪ | শূন্যপদ সংক্রান্ত উর্ধ্বতনকে অবহিতকরণ | শূন্যপদের তালিকা প্রস্তুত ও উর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রেরণ | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | মাসিক | মাসিক প্রতিবেদন |
| ১৫ | উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | জৈবসার উৎপাদনে উদ্যোক্তা নির্বাচন ও কারিগরি সহায়তা প্রদান | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | বছরব্যাপী | উৎপাদন প্রতিবেদন |
| ১৬ | বৃক্ষরোপণ কার্যক্রম পরিচালনা | রাস্তার ধারে, শিক্ষা প্রতিষ্ঠান ও বসতবাড়িতে বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন | উপজেলা কৃষি অফিস ও স্থানীয় প্রশাসন কোটালীপাড়া, গোপালগঞ্জ। | বর্ষা মৌসুম | ত্রৈমাসিক প্রতিবেদন |
| ১৭ | আয়োজিত মাঠদিবস/কৃষক সমাবেশ | প্রদর্শনী প্লটে মাঠদিবস আয়োজন, কৃষক সমাবেশ ও মতবিনিময় সভা পরিচালনা | উপজেলা কৃষি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | বছরব্যাপী | মাঠ পরিদর্শন ও প্রতিবেদন |
| ১৮ | ক্রয়পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | প্রতিবেদন প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশ | অফিস প্রধান ও ফোকাল পয়েন্ট | বাৎসরিক | প্রতিবেদন ও ওয়েবসাইট স্ক্রিনশট |

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# সংযোজনী ৩

## কর্মসম্পাদনের প্রমাণক

| ক্র:নং | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমানক |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | স্থাপিত প্রদর্শনী ও ফলোআপ | স্থাপিত প্রদর্শনী ও ফলোআপ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ২ | নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমণ | উদ্বুদ্ধকরণ ভ্রমণ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ৩ | প্রণোদনার আওতায় সহায়তাপ্রাপ্ত কৃষক | প্রণোদনা কার্যক্রম অগ্রগতি সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ৪ | প্রশিক্ষিত কৃষক | কৃষক প্রশিক্ষণ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ৫ | পেনশন আবেদনপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | পেনশন আবেদনপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ৭ | অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | জিআরএস সিস্টেম থেকে প্রাপ্ত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ৮ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | সিটিজেন চার্টার, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ৯ | তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | তথ্য অধিকার বিষয়ক প্রতিবেদন উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ১০ | ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি | সিস্টেম সফটওয়ার থেকে ডাউনলোডকৃত ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত অনুমোদিত ত্রৈমাসিক প্রতিবেদন |
| ১১ | ফসলের নতুন জাত ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত অন্যান্য প্রযুক্তি সম্প্রসারণ | উর্ধ্বতন দপ্তরে প্রেরিত জাতভিত্তিক প্রতিবেদন ও নতুনজাত সম্প্রসারণ সংক্রান্ত প্রতিবেদন |
| ১২ | বিভিন্ন প্রকল্পসমূহের আয়োজিত প্রশিক্ষণ পরিচালনা | আয়োজিত প্রশিক্ষণ প্রতিবেদন, অফিস আদেশ, শিডিউল ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ১৩ | সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরন ব্যবস্থাপনা | সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরনে ব্যবস্থাপনা সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ১৪ | শূণ্যপদ সংক্রান্ত উর্ধ্বতনকে অবহিতকরণ | শূণ্যপদ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন |
| ১৫ | উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন মাসভিত্তিক প্রতিবেদনের সামারীশীট |
| ১৬ | বৃক্ষরোপন কার্যক্রম পরিচালনা | বৃক্ষরোপন কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ত্রৈমাসিক মাসভিত্তিক প্রতিবেদনের সামারীশীট |
| ১৭ | কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ প্রদান | উৎপাদন পরিকল্পনা, ওয়েবসাইটে আপলোডকৃত ডকুমেন্টের আপলোডের তারিখসহ স্ক্রীনশট |
| ১৮ | আয়োজিত মাঠদিবস/কৃষক সমাবেশ | আয়োজিত মাঠদিবস/কৃষক সমাবেশ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারীশীট |
| ১৯ | ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | উৎপাদন পরিকল্পনা, ওয়েবসাইটে আপলোডকৃত ডকুমেন্টের আপলোডের তারিখসহ স্ক্রীনশট |

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

# সংযোজনী ৪

**অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ**

| ক্রমিক | কার্যক্রম | যে সকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | - | - |

# উপসংহার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর ২০২৬-২৭ অর্থবছরের জিপিএমএস কর্মপরিকল্পনা মাঠপর্যায়ে কৃষিসেবা কার্যক্রমকে আরও গতিশীল, ফলপ্রসূ ও জবাবদিহিমূলক করার একটি কার্যকর রূপরেখা হিসেবে কাজ করবে। এ পরিকল্পনার মাধ্যমে আধুনিক ও জলবায়ু সহিষ্ণু কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, কৃষক প্রশিক্ষণ, ডিজিটাল কৃষি সেবা, নিরাপদ খাদ্য উৎপাদন, কৃষি যান্ত্রিকীকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম আরও সুসংহতভাবে বাস্তবায়ন করা সম্ভব হবে। একইসঙ্গে সেবাপ্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার এবং ডি-নথি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রশাসনিক স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

মাঠ পর্যায়ের কার্যক্রম নিয়মিত পরিদর্শন, তত্ত্বাবধান ও সময়োপযোগী মূল্যায়নের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে বলে প্রত্যাশা করা যায়। কৃষক বান্ধব ও প্রযুক্তি নির্ভর কৃষি সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, পরিবেশ সংরক্ষণ এবং কৃষকের আর্থসামাজিক উন্নয়নে এ কর্মপরিকল্পনা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সার্বিকভাবে, জিপিএমএস বাস্তবায়নের মাধ্যমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কোটালীপাড়া, গোপালগঞ্জ একটি দক্ষ, স্বচ্ছ, উদ্ভাবনী ও জনমুখী প্রতিষ্ঠান হিসেবে আরও কার্যকরভাবে দায়িত্ব পালন করতে সক্ষম হবে।

(মুক্তা মন্ডল)
অতিরিক্ত কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(দোলন চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

------০------